Use of tense for freehand writing and translation

১. ১৯৭১ সালের ২৬শে মার্চ বাংলার ছাত্র- যুবক, কৃষক- শ্রমিকসহ সর্বস্তরের জনগণ বর্বর পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে ঝাপিয়ে পড়ে। (৪০ তম বিসিএস)

People from all walks of life including student -youth, peasant worker jumped into a armed war against the barbarous Pakistani occupation force on 26th March in 1971.

২. এভাবে তিন ঘন্টায় আমরা মাত্র দেড় মাইল পথ অতিক্রম করি। (৩৭ তম বিসিএস)

In this way, we crossed only one and a half mile in 3 hours.

৩. কিন্তু সামাজিক ব্যবস্থার কারণে নারী তার অধিকার সংরক্ষণ করতে পারছে না। (২৮ তম বিসিএস)

Women are not being able to preserve their rights because of social systems.

৪. এসব ক্ষেত্রে অনেক সময় নারীরা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারছে না প্রমাণের অভাবে। (২৮ তম বিসিএস)

In this situation women cannot take legal action most of the time for the lack of proof.

৫. কিন্তু অদম্য সাহস ও ইস্পাত কঠিন মনোবলের জন্য তিনি কখনো পিছু হটেন নি। (৩৩তম বিসিএস)

But because of her indomitable courage and steel- like determination, she never backed off.

৬. কোটালীপাড়া উপজেলার নারিকেল বাড়ি মিশনারি স্কুলের নবম শ্রেণীতে পড়ার সময় দেশে বেজে ওঠে যুদ্ধের দামামা। (৩৫ তম বিসিএস)

While she was studying in class 9 in Narikelbari missionary School of Kotalipara upazila, war began to rage in the country.

৭. মুক্তিযোদ্ধা স্বর্ণলতা ফলিয়ার যুদ্ধ এখনো থামেনি। (৩৫ তম বিসিএস)

The battle of the freedom fighter Swarnalata has not ended yet.

৮. সদ্য সমাপ্ত ২০১৮-১৯ অর্থবছরে প্রবাসীরা যে পরিমাণ অর্থ পাঠিয়েছেন, বাংলাদেশের ইতিহাসে এক অর্থবছরে এতো পরিমাণ প্রবাসী আয় আগে কখনো আসেনি। (পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন)

In recently concluded fiscal year of 2018-19, expatriates did not send the amount of remittance in a fiscal year they sent in the history of Bangladesh.

৯. আবহমানকাল ধরে এই দিনটিকেই বাংলাদেশের মানুষ খুব উৎসবমুখর পরিবেশে পালন করে আসছে। (রূপালী ব্যাংক লিমিটেড -২০১৮)

From the immemorial the people of Bangladesh has been celebrating this day in very festive environment.

১০. আমাদের দেশে ব্যাংক ব্যবস্থাপনায় দ্রুত পরিবর্তন আসে নাই, যদিও সামষ্টিকভাবে অর্থনীতিতে পরিবর্তন এসে গেছে। (MBM ভর্তি পরীক্ষা-২০০৫)

In our country rapid change did not occur in Bank management though changes in macro-economy had taken place.

১১. সে সময় প্রতিযোগিতা ও দক্ষতা তেমন প্রাধান্য পায়নি (MBM ভর্তি পরীক্ষা-২০০৫)

Competitiveness and skill did not get much priority at that time